



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে
ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে আগামীকাল দেশের সকল মসজিদে
বিশেষ দোয়া ও মোনাজাতের আহ্বান

ঢাকা, শনিবার, ২০ ফেব্রুয়ারি ২০২১ ॥

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আগামীকাল দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের আহ্বান জানাচ্ছে ইসলামিক ফাউন্ডেশন। এছাড়া ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আগামীকাল (২১ ফেব্রুয়ারি) রবিবার সকাল ১১.০০ টায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদে শহীদদের রুহের মাগফিরাত কামনা করে কুরআনখানি দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০ টি ইসলামিক মিশন ও ৭টি ইমাম প্রশিক্ষণ একডেমি ও সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের রুহের মাগফিরাত কামনা করে সারা দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মুনাজাতের ব্যবস্থা করার জন্য সকল মসজিদের সম্মানিত খতিব, ইমাম ও মসজিদ কমিটিসহ সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো

স্বাক্ষরিত

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬

